ইত্তেফাক

Seon. Se.

তারিখ 22 MAY 1985

পৃষ্ঠা 3 কলাম 1

005

# ১২ শত স্কুলের বিজ্ঞান শিক্ষা উন্নয়নে ৫০ কোটি টাকা

ঝিনাইদহ, ২১শে মে (নিজস্ব সংবাদদাতা)—দেশের প্রত্যন্ত এলাকায় বেসরকারী মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় বিজ্ঞান শিক্ষার উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে 'বিজ্ঞার শিক্ষার প্রবর্তন' কর্মসূচীর অধীনে চলতি বছরে ১২ শত হাইস্কুল ও ১৩৮টি মাদ্রাসা অন্তর্ভুক্ত করা হইয়াছে। এই কর্মসূচীর অধীনে প্রায় ৩৭ কোটি টাকা ব্যয়ে প্রতিটি স্কুল ও মাদ্রাসায় একটি পদার্থ বিজ্ঞান ও একটি রসায়ন বিজ্ঞানাগার নির্মাণ করা হইবে। ইহাছাড়া বিজ্ঞানের যন্ত্রপাতি ও আসবাবপত্র সরবরাহ করা হইবে। ইহাতে আরও প্রায় ১৩ কোটি টাকা ব্যয় হইবে।

দুই বছর পূর্বে বাংলাদেশ সরকার এই প্রকল্প হাতে নেন। তখন কথা ছিল নির্বাচিত স্কুল ও মাদ্রাসা সমূহকে ব্যয়ের শতকরা ৫০ ভাগ বহন করিতে হইবে। বাকী ৫০ ভাগ সরকার বহন করিবে। কিন্তু অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব সঙ্গতি না থাকায় প্রকল্পটি আগাইতে পারে নাই।

পরবর্তীতে এশীয় উন্নয়ন

(৫ম পৃঃ দ্রঃ)

## ১২ শত স্কুলের উন্নয়নে

(৩য় পৃঃ পর)

ব্যাংক এ প্রকল্পে আর্থিক সাহায্যের জন্য আগাইয়া আসে।

এই কর্মসূচী সফল করার জন্য তালিকাভুক্ত স্কুলসমূহের বিজ্ঞান শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হইবে। ইতিমধ্যেই ৬ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হইয়াছে।